In case of queries/grievances, relating to remote e-voting, the members may refer the Frequently Asked Questions ("FAQs") and e-voting manual available at www.evotingindia.com under help section or write an email to helpdesk.evoting@cdslindia.com or call Mr. Rakesh Dalvi on 022-23058738 or 022-23058543/42.

For Primax Fiscal Services Limited
Sd/-
Company Secretary

Place: Kolkata
Dated: 05.09.2026

IMPEX FERRO TECH LIMITED (Under CIRP)
Regd. Office: 35, Chittaranjan Avenue, Kolkata - 700 012
Phone No. : +91-33-2211 0225
Corporate Office: SKP House, 132A, S. P. Mukherjee Road, Kolkata - 700 026
Phone No. : +91-33-4016 8000/8100; Fax: +91-33-4016 8191/8107
Website : www.impexferrotech.com
E-mail: cs@impexferrotech.com, infoimpexferro@gmail.com
CIN : L27101WB1995PLC071996

NOTICE OF ANNUAL GENERAL MEETING, CUT-OFF DATE AND E-VOTING INFORMATION

Notice is hereby given that the **31st Annual General Meeting** (AGM) of the members of the Company for financial year 2025-26 is scheduled to be held on **Wednesday, 30th September, 2026 at 3.00 p.m.** through Video Conferencing (VC)/Other Audio-Visual Means (OAVM) to transact the businesses as set out in the Notice convening the AGM (the Notice) in compliance with all applicable provisions of the Companies Act, 2013 and the SEBI (LODR) Regulations, 2015 along with all applicable circulars on the matter issued by Ministry of Corporate Affairs (MCA) and Securities and Exchange Board of India (SEBI). Members are requested to go through the Notice of AGM carefully particularly instructions given therein for attending AGM and matters associated therewith.

In compliance with the above MCA and SEBI circulars, electronic copies of Notice of 31st AGM along with Annual Report for the financial year 2025-26 has been dispatched on **07th September, 2026** to those members whose email addresses are registered with the Company/Depository Participants for communication purpose. Notice of the 31st AGM along with Annual Report will also be available on the Company's website **www.impexferrotech.com**, website of the Stock Exchanges i.e., BSE Limited at **www.bseindia.com** and National Stock Exchange of India Limited at **www.nseindia.com** respectively and also on the website of Central Depository Services (India) Limited (CDSL) at **www.evotingindia.com**. Members holdings shares in physical mode are requested to update their email id with RTA at **mdpldc@yahoo.com** or with the Company at **infoimpexferro@gmail.com** Members holdings shares in dematerialised mode are requested to update their email id and mobile number with the concerned Depository Participants.

The Company is pleased to provide to all its members holding shares as on the cut-off date i.e., **Wednesday, 23rd September, 2026** with the facility to exercise their right to vote by electronic means (remote e-voting and e-voting during the AGM) provided by CDSL to transact businesses as set out in the Notice of AGM. The detailed manner for participating through remote e-voting facility and e-voting during the AGM is given in the Notice. The remote e-voting period will commence on **Sunday, 27th September, 2026 at 9:00 a.m. and will end on Tuesday, 29th September, 2026 at 5:00 p.m.** The remote e-voting module shall be disabled thereafter. Any person who become member after dispatch of the Notice and holding shares as on the cut-off date i.e., **Wednesday, 23rd September, 2026** may obtain the User ID and password by sending a request at **helpdesk.evoting@cdslindia.com** or RTA of the Company at **mdpldc@yahoo.com**. However, if the member is already registered with CDSL for remote e-voting, then they can use the existing user id and password to cast their votes. The Company has opted to provide e-voting during the AGM which is integrated with the VC/OAVM platform, and no separate login id is required for the same. Members who had cast their vote by remote e-voting may attend the AGM but shall not be entitled to cast their vote again at the AGM. Those members attending the AGM and who have not cast their vote on the resolutions through remote e-voting and are otherwise not barred from doing so, shall be eligible to vote during the AGM.

In case of any queries pertaining to e-voting, you may refer to FAQs and e-voting manual available at **www.evotingindia.com**, under help section or write an e-mail to **helpdesk.evoting@cdslindia.com** or contact the Company or Registrar and Share Transfer Agent.

For Impex Ferro Tech Limited
Sd/-
Ashok Kumar Sarawagi
(IBBI/IPA-001/IP-P00171/2017-18/10340)
Resolution Professional

Place: Kolkata
Date: 07 September, 2026

BINDAWALA BANIJYA LTD

CIN : L67120WB1981PLC033799
Registered Office : Room No. 214, 2nd Floor
64, Hemanta Basu Sarani, Kolkata - 700001
E-MAIL : info@bindawala.com, **Contact No. :** 98311-26063

NOTICE

NOTICE is hereby given that the 45th Annual General Meeting (AGM) of the members of BINDAWALA BANIJYA LTD will be held at the Registered Office of the Company at Room No. M-214, 2nd Floor, 64A, Hemanta Basu Sarani, Kolkata - 700001 on Wednesday, 30th September, 2026 at 2.00 P.M. to transact the following business:

For Annual Report 2025-26 and Notice of AGM 2025-26 available on website link www.bindawala.com

Notice is hereby also given pursuant to Section 91 of the Companies Act, 2013 read with Rules framed thereunder that the Register of Members and Share Transfer Books of the Company decided to Cut Off Date - September 23, 2026 (Wednesday).

In compliance with the provisions of Section 108 of the Companies Act, 2013 read with Rules framed thereunder, Regulation 44 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 and the Secretarial Standard on General Meetings, the Company is providing voting facility through the electronic voting system of NSDL to all its Members to exercise their right to vote on all the resolutions proposed to be considered at the AGM. The Members may cast their votes using electronic voting system provided by NSDL either before the date of the AGM ('remote e-voting') or during the AGM ('e-voting').

Members are hereby further informed that :

(a) all business items as set out in the Notice may be transacted through voting by electronic means provided by NSDL;
(b) the remote e-voting period will commence from Sunday, September 27, 2026 at 9.00 a.m;
(c) the remote e-voting period will end on Tuesday, September 29, 2026 at 5.00 p.m;
(d) the cut-off date for the purpose of remote e-voting as well as e-voting during the AGM ('cut-off date') is Wednesday, September 23, 2026;
(e) any person, who acquires the shares and becomes Member of the Company after dispatch of the Notice and holds shares as on the cut-off date may obtain the login ID and password by sending a request to the Company or its Registrar and Share Transfer Agent. S.K. Infosolutions Pvt. Ltd., D/42 Katjunagar, Jadavpur, Kolkata - 700032, (Mr. Dilip Bhattacharya Phone No. 033-2219 6797, Email : skcdilip@gmail.com);
(f) it may be noted that:
  1) the remote e-voting shall not be allowed beyond the time and date as mentioned above;
  2) the Members who have not cast their votes using the remote e-voting facility, would be given the facility to vote through e-voting system provided by NSDL during the AGM;
  3) a Member may participate in the AGM even after exercising his right to vote through remote e-voting but shall not be allowed to vote again during the AGM;
  4) The facility to vote either through remote e-voting or through e-voting during the AGM, shall be made available only to those persons whose names are recorded in the Register of Members or in the Register of beneficial owners maintained by the DP and RTA as on cut-off date.
  5) Members are requested to follow the instructions as per details given in the AGM Notice
(g) The Notice convening the AGM is displayed on the Company's website at www.bindawala.com and on NSDL website at https://www.evoting.nsdl.com
(h) All correspondences / queries / grievances relating to remote e-voting / e-voting may be addressed to Mr. Latesh Mehta, Company Secretary, Bindawala Banijya Ltd. at Room No. M-214, 2nd Floor, 64A, Hemanta Basu Sarani, Kolkata - 700001 email: info@bindawala.com, Phone : 033-40030909

For **Bindawala Banijya Ltd.**
Sd/-
Bhagwan Das Bindawala
Managing Director
DIN : 00342639

Place : **Kolkata**
Date : **07.09.2026**

SUPER IRON FOUNDRY LIMITED

SIF
[Formerly Known as Super Iron Foundry Pvt. Ltd.]
[CIN: L27310WB1988PLC044810]
[An ISO9001 : 2015, ISO14001 : 2015, OHSAS45001 : 2018 & Kite Mark Certified Company]
Registered Office: 12, Pretoria Street, Aspiration Vintage, 1st Floor, '1B', Kolkata - 700 071, West Bengal, India ; **Phone:** +91 33 4060 3050
Fax: +913340082095 ; **E-mail:** cs@superironfoundry.com ;
Website: www.superironfoundry.com

NOTICE OF THE 38TH ANNUAL GENERAL MEETING OF THE COMPANY AND E-VOTING INFORMATION

NOTICE is hereby given that the **38th Annual General Meeting** ("AGM/Meeting") of Super Iron Foundry Ltd ("the Company") is scheduled to be held on **Wednesday, 30th September, 2026 at 12.30 P.M. (IST) through Video Conference ("VC") / Other Audio Visual Means ('OAVM')** without the physical presence of Members at a common venue.

In accordance with the various circulars issued by the Ministry of Corporate Affairs (MCA) and circulars issued by the Securities and Exchange Board of India, the Company has completed dispatch of Notice of the AGM and Annual Report of the Company, inter alia, containing the financial statements and other statutory reports for the year ended 31st March 2026 on **Monday, 07th September, 2026** through electronic mode only to those Members whose e-mail addresses are registered with the Company/ Registrar & Share Transfer Agent (RTA) or Depository Participant(s). Further, a letter is being sent by the Company providing the web-link, including the exact path where complete details of the Notice and the Annual Report is available, to those shareholder(s) who have not registered their e-mail address with the Company/Registrar and Transfer Agent/Depositories/Depository Participants.

The aforesaid documents are available on the website of the Company at **www.superironfoundry.com** and on the websites of the Stock Exchanges viz. **www.bseindia.com.** The Annual Report of 38th AGM is also available on the website of National Securities Depository Limited ('NSDL') at **www.evoting.nsdl.com.** The documents referred to in the Notice and Explanatory Statement will be available for inspection in electronic mode from date of circulation of this Notice up to the date of AGM. Members are requested to write to the Company at **cs@superironfoundry.com** for inspection of the said documents.

E-VOTING THROUGH ELECTRONIC MEANS:

Pursuant to the provisions of Section 108 of the Act read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014 (as amended), the Secretarial Standard on General Meetings issued by the Institute of Company Secretaries of India and Regulation 4 of the SEBI (Listing Obligations & Disclosure Requirements) Regulations, 2015 as amended and the MCA Circulars, the Company is providing the facility of Remote e-Voting to its members in respect of the business to be transacted at the AGM and for this purpose, it has appointed NSDL to facilitate voting through electronic means.

The Remote e-Voting facility would be available during the following period:

Date and time of commencement of remote e-Voting	**Sunday, 27th September, 2026 (9.00 A.M. IST)**
Date and time of conclusion of remote e-Voting	**Tuesday, 29th September, 2026 (5.00 P.M. IST).**
Cut-off date for determining the eligibility for e-Voting	**Wednesday, 23rd September, 2026**

Members may note that only persons whose names appear in the Register of Members, or the list of beneficial owners furnished by National Securities Depository Limited (NSDL) and Central Depository Services (India) Limited (CDSL) as on the aforesaid cut-off date i.e **Wednesday, 23rd September, 2026** shall be entitled to vote on the resolutions as set out in the Notice, once the vote on a resolution is cast by a member, he/she shall not be allowed to change it subsequently.

The Members who have cast their vote through remote e-Voting may also attend the AGM but shall not be entitled to cast their vote again. The Members attending the AGM who have not cast their votes through remote e-Voting will be able to vote through electronic voting facility provided by NSDL during the AGM.

Any person holding shares in physical form and non-individual shareholders, who acquires shares of the Company and becomes a member of the Company after the Notice is sent and holding shares as of the **Cut-off date** may obtain the login ID and password by sending a request at **evoting@nsdl.co.in.** However, if he / she is already registered with NSDL for Remote e-Voting then he/she can use his / her existing User ID and password for casting the vote.

The procedure for e-Voting is available in the Notes of Notice to the 38th AGM as well as in the email sent to the Members. In case of any queries / grievances, you may refer to the 'Frequently Asked Questions' (FAQs) and 'e-Voting user manual' for members available in the downloads section of the e-Voting website of NSDL https://www.evoting.nsdl.com/.

For Super Iron Foundry Ltd
Sd/-
Prashil Singh
Company Secretary & Compliance Officer

Place : Kolkata
Date : 07th September, 2026

ছত্তিশগড়ে গ্রেপ্তার বাংলার ২৩ জন পরিযায়ী শ্রমিক

বাংলাদেশে ‘পুশব্যাকের’ আতঙ্ক

নিজস্ব প্রতিবেদন, জঙ্গিপুর: বাংলাদেশি তকমা লাগিয়ে ছত্তিশগড়ে ২৩ জন পরিযায়ী শ্রমিককে গ্রেপ্তার করল সেখানকার পুলিশ। ধৃতরা সকলেই জঙ্গিপুর মহকুমার সুতি,সামশেরগঞ্জ ব্লকের বাসিন্দা বলে জানা গিয়েছে। ধৃতদের জায়গা হয়েছে ডিটেনশন ক্যাম্পে। বাংলাদেশে ‘পুসব্যাকের’ আতঙ্কে পরিযায়ী শ্রমিকের পরিবারবর্গ কান্নায় ভেঙে পড়েছেন। ঘরে ফেরানোর জন্য প্রশাসনের কর্তাদের সঙ্গে যোগাযোগ করবেন বলে জানিয়েছেন। সংসারের হাল ফেরানোর তাগিদে ঘর ছেড়ে ভিন রাজ্যে পাড়ি দিয়েছিলেন ওই ২৩ জন পরিযায়ী শ্রমিক। মাথায় ছিল একটাই চিন্তা, পরিবারের মুখে দু’মুঠো খাবার তুলে দেওয়া। তাদের মুখে হাসি ফেরানো। কিন্তু কাজ করতে গিয়ে তাঁদের কপালে জুটল ‘বাংলাদেশি’র

তকমা। ছত্রিশগড়ের বিলাসপুরে বাংলাদেশি নাগরিক সন্দেহে মুর্শিদাবাদের সুতি ও সামশেরগঞ্জ এলাকার ২৩ জন পরিযায়ী শ্রমিককে গ্রেপ্তারের অভিযোগ উঠেছে স্থানীয় পুলিশের বিরুদ্ধে। তাঁদের রায়পুরের একটি ডিটেনশন ক্যাম্পে রাখা হয়েছে বলে দাবি পরিবারের। খবর বাড়িতে পৌঁছতেই কান্নায় ভেঙে পড়েছেন আত্মীয় পরিজনেরা।

জানা গিয়েছে, গত শুক্রবার সন্ধ্যায় বিলাসপুরের একটি স্থানীয় থানার পুলিশ আচমকাই ওই শ্রমিকদের থানায় ডেকে পাঠায়। পুলিশের ডাকে থানায় যাওয়ার পর তাঁদের আটকে রাখা হয়। পরে রায়পুরে নিয়ে যাওয়া হয় তাঁদের। রবিবার বিলাসপুর জেলা আদালতে পেশ করা হয়েছে বলে জানা গিয়েছে। গ্রেপ্তার হওয়াদের মধ্যে রয়েছেন সামশেরগঞ্জের ধানঘরা এলাকার মোস্তাকিম শেখ, তাঁর ভাই সাবির শেখ, সফিকুল ইসলাম, নাসিরুদ্দিন শেখ এবং সুতির হাড়োয়া এলাকার লাল্টু শেখ সহ বেশ কয়েকজন। প্রায় দু’মাস আগে কাজের সন্ধানে বিলাসপুরে গিয়েছিলেন তাঁরা। হাঁড়ি, বাসনপত্র ও ঘরোয়া সামগ্রী নিয়ে এলাকায় ঘুরে ঘুরে বিক্রি করেই চলত তাঁদের সংসার। সেখানে কার্যত হকারি করতেন। তাঁদের সকলের কাছেই ভারতীয় নাগরিকত্বের প্রমাণ নথি রয়েছে বলে দাবি পরিবারের। পরিবারের দাবি, ছত্তিশগড়ে পৌঁছে প্রয়োজনীয় কাগজপত্র স্থানীয় থানায় জমা দিয়েই তাঁরা কাজ শুরু করেছিলেন। তারপরও কেন তাঁদের ‘বাংলাদেশি’ বলে গ্রেপ্তার করা হল? সেই প্রশ্নের উত্তর খুঁজে পাচ্ছেন না স্বজনেরা। গ্রেপ্তার হওয়া শ্রমিক পরিবারের সদস্যরা কান্নাজড়িত কণ্ঠে জানিয়েছেন, ‘আমরা এ দেশেরই নাগরিক। আমাদের কাছে সমস্ত বৈধ কাগজপত্র রয়েছে। কাজ করতে গিয়ে অন্যায়ভাবে বাংলাদেশি তকমা দিয়ে গ্রেপ্তার করা হয়েছে। আমরা চাই, কাগজপত্র যাচাই করে দ্রুত শ্রমিকদের বাড়িতে ফিরিয়ে দেওয়া হোক।’ দূর রাজ্যে প্রিয়জনকে আটকে রাখার খবর পেয়ে কার্যত দিশেহারা হয়ে পড়েছেন পরিবারগুলি। কারও বাবা, কারও ভাই, কারও স্বামী, উপার্জনক্ষম মানুষগুলির অনুপস্থিতিতে সংসার কীভাবে চলবে, সেই চিন্তাও গ্রাস করেছে তাঁদের। এখন প্রশাসনের দিকে তাকিয়ে পরিবারগুলি। তাঁদের একটাই আবেদন, ‘বাংলাদেশি’ তকমা দেওয়ার আগে আগে নাগরিকত্ব পরিচয় যাচাই করা হোক। দ্রুত ঘরের মানুষকে ফিরিয়ে দেওয়া হোক। এদিকে প্রশাসন সূত্রে খবর, ইতিমধ্যেই শ্রমিকদের বিষয়টি নিয়ে প্রশাসনিক তৎপরতা শুরু হয়েছে। যোগাযোগ করা হচ্ছে ছত্রিশগড় পুলিশের সঙ্গেও। পরিযায়ী শ্রমিকের স্ত্রী সোনা বিবি বলেন, চার মাস হল ওখানে গিয়েছে। হকারি করে। আধার ভোটার সব প্রমাণ আছে। তাও কেন ধরল জানিনা। একই দাবি, গিয়াসুদ্দিন মোল্লা, রহিম শেখেরও।

ভারী বৃষ্টি হলেই বাঁকুড়ায় বিচ্ছিন্ন কয়েকশো গ্রাম

প্রায় ৩০টি সেতু জলের তলায়

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: ভারী বৃষ্টি হলেই লন্ডভন্ড হয়ে যায় বাঁকুড়া জেলার পরিবহন ব্যবস্থা। প্রতি বছর বর্ষা বা নিম্নচাপের ভারী বৃষ্টির জল স্রোতে জেলার বিভিন্ন এলাকায় সেতু ভেঙে বা ডুবে গিয়ে পরিবহন ব্যবস্থা ভেঙে পড়ে। এতে সমস্যায় পড়েন জেলার বেশ কয়েকশ গ্রামের বাসিন্দা। এমনটাই অভিযোগ বাঁকুড়াবাসী। তাঁদের বক্তব্য, গত ১৫ বছর রাজ্যে একই সরকার থাকলেও এনিয়ে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। দীর্ঘ উদাসীনতা ও অবহেলায় নিকাশী ব্যবস্থা ভেঙে পড়েছে। তার ফল ভোগ করতে হচ্ছে জেলাবাসীদের। ভারী বৃষ্টি হলে দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী, শিলাবতী, দামোদর, শালী ইত্যাদি জেলা সব কয়টি নদী এমনকি জোড় খালগুলি রূদ্র রূপ নেয়। এতে জোড়খাল বা নদীগুলির ওপর থাকা কজওয়ে বা সেতুগুলি ডুবে এমনকী ভেঙে পর্যন্ত যায়। জেলায় কমপক্ষে ২৫ থেকে ৩০টি সেতু ভারী বৃষ্টিতে ডুবে যায়। এতে কয়েকশো গ্রাম বিচ্ছিন্ন হয়ে পড়ে। দ্বারকেশ্বর নদীর জল বাড়লে তিনটি গুরুত্বপূর্ন সেতু বা কজওয়ে ডুবে যায়। বাঁকুড়া-২ ব্লকে দ্বারকেশ্বরের নদীর ওপর থাকা ভাদুল সুর্পানগর কজওয়ে ডুবে যাওয়ায় সুর্পানগর, সানতোড় ও বালিয়াড়া সহ প্রায় ২০টি গ্রাম বিচ্ছিন্ন হয়ে পড়ে বাঁকুড়া শহরের সঙ্গে। এতে প্রায় ১০ কিমি বেশি রাস্তা ঘুরে ধলডাঙ্গা হয়ে এই যাতায়াত করতে হয়। একই অবস্থা দ্বারকেশ্বর নদীর ওপর থাকা মিনাপুর কজওয়ে। ভারীবৃষ্টি হলে এই কজওয়ে ডুবে যায়। এতে বাঁকুড়া শহরের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে পড়েছে বাঁশি ও আড়ালবাঁশি সহ ৭টি গ্রামের বাসিন্দারা। এতে ৭-৮ কিমি পথ ঘুরে রাজগ্রাম বা ধলডাঙা হয়ে যাতায়াত করতে হয়। দ্বারকেশ্বরের ওপরে থাকা কেঞ্জাকুড়া সেতুর একই অবস্থা।এই সেতুটি কেঞ্জাকুড়া থেকে কমলপুর হয়ে পুরুলিয়া যাওয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দ্বারকেশ্বর নদীর পাড়ে থাকা কমলপুর সংলগ্ন অসংখ্য গ্রামের বাসিন্দারা এইনসেতু দিয়ে মাত্র দু’কিমি পথ পার হয়ে সহজেই কেঞ্জাকুড়া গ্রামে পৌঁছে যেতে পারেন। এই সেতু ডুবে গেলে ১৫ থেকে ১৭ কিলোমিটার ঘুরতে হয়। বাঁকুড়ার নিজস্ব ও ভালবাসার নদী গন্ধেশ্বরী। সারা বছর শুখা থাকলেও লাগাতার বৃষ্টির ফুলেফেঁপে বিধ্বংসী রূপ নেয়। এই নদীটির ওপর থাকা জেলার দুটি গুরুত্বপূর্ন কজওয়ে বা সেতু জলের তলায় চলে যায়। ছাতনা থেকে শুশুনিয়া যাওয়া প্রধান সড়কের ওপর থাকা সেতুটি ডুবে গেলে পর্যটন কেন্দ্র, ডোকরা,পট, লোকশিল্পী ও পাথর শিল্পীদের ৭-১০ গ্রাম বিচ্ছিন্ন হয়ে পড়ে। তখন ছাতনা থেকে আগয়া হয়ে শুশুনিয়া যেতে হয়। দ্বিতীয়টি হল বাঁকুড়া উগরাডিহি, রানিগঞ্জ রাজ্য সড়কের ওপর থাকা মানকানালি সেতু। এটি ডুবে গেলে বাঁকুড়া-উগড়াডিহি রাস্তার ওপর থাকা ৪০ থেকে ৪৫ গ্রামের বাসিন্দারা কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। সম্প্রতি এই সেতুর একটি অংশ ধসে পড়েছে। এতে পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠেছে। সেতু পার হতে গিয়ে সম্প্রতি জলের তোড়ে উলটে গেছে একটি ডাম্পার। অন্যদিকে অল্প ভারী বৃষ্টিতে

সিমলাপালের পাথরডাঙা কজওয়ের ওপর দিয়ে শিলাবতী নদীর জল বইতে থাকে। এতে লক্ষ্মীসাগর-হাড়ামাসড়া-বাঁকুড়ার মত গুরুত্ব রাস্তায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। এতে সমস্যায় পড়েন তালড্যাংরা ও সিমলাপাল ব্লকের প্রায় ৪০-৪৫ টি গ্রামের মানুষজন। বিশেষ প্রয়োজনে তাঁদের প্রায় সাত-আট কিলোমিটার ঘুরে সিমলাপাল সেতু হয়ে যাতায়াত করতে হচ্ছে। তবে ভারী বৃষ্টি হলে বাঁকুড়া-ঝাড়গ্রাম রাস্তার ওপরে সিমলাপালে শিলাবতী নদীর উপরে থাকা সেই সেতু বা কজওয়েটিও ডুবে যায়। এতে বিচ্ছিন্ন হয়ে পড়ে জঙ্গলমহল। অন্যদিকে দামোদর নদের ওপর থাকা বিহারীনাথ সেতু বাঁকুড়া জেলার অত্যন্ত গুরুত্বপূর্ন অস্থায়ী কাঠ ও বাঁশের সেতু। পশ্চিম বর্ধমানের আসানসোল ও বার্নপুর অঞ্চলের সঙ্গে বাঁকুড়ার শালতোড়া ও বিহারীনাথ পাহাড় অঞ্চলকে সরাসরি যুক্ত করে রয়েছে এই সেতু। প্রতিদিন শিক্ষা, জীবিকা, চিকিৎসা ও পর্যটন ইত্যাদি বিভিন্ন কাজে ৪০-৪৫; গ্রামের বেশ কয়েক হাজার মানুষ এই সেতুর ওপর দিয়ে যাতায়াত করেন। ভারীবৃষ্টি বা বর্ষাকালে দামোদরের তীব্র জলের তোড়ে প্রায়ই ভেসে যায় সেতুটি। তখন নিয়ামতপুর, ডিসেরগড় ব্রিজ অথবা মেজিয়া ব্রিজ হয়ে প্রায় ৪০ থেকে ৪৫ কিলোমিটার পথ ঘুরে যাতায়াত করতে হয়। পাকা সেতুর

দাবিতে গত কয়েক দশক ধরে স্থানীয় বাসিন্দারা ‘দামোদর বিহারীনাথ সেতুবন্ধন কমিটি’ গঠন করে লাগাতার আন্দোলন ও বিক্ষোভ দেখিয়ে আসছেন। ভারী বৃষ্টিতে শালী নদীর ওপরে থাকা গঙ্গাজলঘাটির রনিয়াড়া ভাসাপুল, সোনামুখী ব্লকের হামিরহাটির কাছে সতীঘাট সেতু ও ইন্দাস ব্লকের ভগবতীপুর এলাকায় থাকা অস্থায়ী কাঠ ও বাঁশের সেতু ডুবে বা ভেঙ্গে যায়।রনিয়াড়া সেতু ডুবলে ১২ থেকে ১৫টি গ্রামের বাসিন্দারা সমস্যায় পড়েন।সোনামুখী ব্লকের হামিরহাটির কাছে থাকা ওই সেতুটি হামিরহাটি, পিয়ারবেড়া ও ধুলাই গ্রাম পঞ্চায়েতের প্রায় ৪০টি গ্রামের মানুষের ‘লাইফলাইন’। এটি ডুবে গেলে সমস্যায় পড়েন প্রায় ৪০টি গ্রামের মানুষ। প্রায় চার বছর আগে একটি পিলার বসে যাওয়ায় ঝুলন্ত অবস্থায় রয়েছে সেতুটি। ইন্দাস ব্লকের ভগবতীপুর এলাকায় থাকা বাঁশের সাঁকোটি শালী নদীর জলের তোড়ে ভেসে যায়। এতে বিচ্ছিন্ন হয়ে পড়ে শালী নদীর দুপাড়ে থাকা প্রায় ১০-১২ গ্রাম। স্থানীয় গ্রাম ষোল আনা ও গ্রাম পঞ্চায়েত সম্মিলিত ভাবে শালী নদীর ওপর এই বাঁশের সাঁকো তৈরী করে। তাই সাঁকো বাঁচাতে আপ্রাণ চেষ্টা করেন স্থানীয় বাসিন্দারা। কিন্তু শেষ রক্ষা হয় না। অসহায়ের মত দেখ তে হয়।জেলার প্রতিটি নদীর ওপর থাকা গুরুত্বপূর্ন সেতুগুলি ভারী বৃষ্টি হলে ডুবে যায়। চলতি বর্ষায় তিনবার এঘটনা ঘটেছে। শুধু নদী নয় জেলা জুড়ে থাকা অসংখ্য খালের সেতুগুলিও ডুবে যায়। পাত্রসায়ের ব্লকের জামকুড়ি গ্রামপঞ্চায়েতের দুমনি খালের ওপর থাকা ভাসা পোল ডুবে বা ভেঙে পড়ে। এতে ব্লক শহরের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে পড়ে প্রায় ২০ থেকে ২৫টি গ্রামের মানুষ। ছাতনা ও মেজিয়া প্রধান রাস্তার ওপর থাকা মাতাবেল খালের জলস্তর বেড়ে যাওয়ার ফলে কজওয়েটি সম্পূর্ণ জলের তলায় চলে যায় এবং মেজিয়া-ছাতনা রাজ্য সড়কে যান চলাচল পুরোপুরি বন্ধ হয়ে পড়ে।

নদিয়ায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

নিজস্ব প্রতিবেদন, কৃষ্ণনগর: পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা দপ্তরের নির্দেশিকা মোতাবেক এবং জেলা জনশিক্ষা প্রসার বিভাগের তত্ত্বাবধানে ও নদিয়া জেলা প্রশাসনের সহায়তায় ৫ সেপ্টেম্বর জেলার চার মহকুমা- সদর কৃষ্ণনগর, রানাঘাট, কল্যাণী ও তেহট্টে সুসজ্জিত ও রঙিন ভ্রাম্যমান প্রচার গাড়ির মাধ্যমে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০২৬-এর আনুষ্ঠানিক সূচনা হল। আগামী ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপনকে সামনে রেখে এই প্রচার অভিযান চলবে ৭ সেপ্টেম্বর পর্যন্ত। এই ভ্রাম্যমান প্রচার গাড়ির মূল উদ্দেশ্য হল, সাক্ষরতার আলো জেলার প্রতিটি ব্লক ও গ্রাম পঞ্চায়েতে ছড়িয়ে দেওয়া। বিশেষ করে ‘উল্লাস’ পোর্টাল তথা নব ভারত সাক্ষরতা কর্মসূচি সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করা। প্রচারের মাধ্যমে জানানো হচ্ছে, কীভাবে ১৫ বছরের ঊর্ধ্বে নিরক্ষর মানুষজন শিক্ষার্থী হিসেবে এবং আগ্রহী ব্যক্তিরা স্বেচ্ছাসেবক শিক্ষক হিসেবে এই পোর্টালে যুক্ত হতে পারবেন এবং শিক্ষা শেষে কীভাবে ডিজিটাল

সার্টিফিকেট পাবেন। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, সাক্ষরতার বার্তাকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতেই এই উদ্যোগ।

মাখলায় বিজেপির পরিচালনায় রক্তদান শিবির

নিজস্ব প্রতিবেদন, উত্তরপাড়া: হুগলির উত্তরপাড়ার মাখলায় উত্তরপাড়া বিজেপি মণ্ডল ২-এর পরিচালনায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। সকাল থেকে বিজেপি নেতৃত্ব ও কর্মীরা উপস্থিত ছিলেন রক্তদান শিবিরে। উপস্থিত ছিলেন উত্তরপাড়ার বিধায়ক দীপাঞ্জন চক্রবর্তী ও উত্তরপাড়া মণ্ডল ২ সভাপতি গৌতম মাঝি, উত্তরপাড়া মণ্ডল ২ বিজেপি মহিলা মোর্চা সভাপতি সবিতা সিং-সহ বিশিষ্ট অতিথিরা। এই শিবিরে মোট ৯০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন বিজেপির মহিলা মোর্চার সদস্যরাও। অনুষ্ঠানটি পরিচালনা করেন উত্তরপাড়া মণ্ডল ২ সভাপতি গৌতম মাঝি।

পরিষেবা নিয়ে উত্তরপাড়া পুরসভায় বিজেপির বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, হুগলি: রাজ্যে পালা বদলের পর বিভিন্ন পুরসভা নির্বাচিত বোর্ড ভেঙে প্রশাসক বসেছে। উত্তরপাড়া পুরসভায় পৌর পরিষেবা নিয়ে বিজেপি দলেরই বিক্ষোভ! নিকাশি থেকে রাস্তাঘাট শংসাপত্র পাওয়ার ক্ষেত্রেও টালাবাহানর মুখে পরতে হচ্ছে। সোমবার তাই বিজেপি যুব মোর্চার কর্মীরা পুরসভায় গিয়ে ক্ষোভ দেখান। তাদের অভিযোগ, নাগরিকরা পরিষেবা পাওয়ার জন্য পুরসভায় দরবার করছেন কিন্তু কোনও কাজ হচ্ছে না। বিজেপি নেতা পঙ্কজ রায় বলেন,‘আমাদের রাজ্য সরকার যে জনসেবা মূলক কাজগুলো করছে, যার সুবিধা পৌরসভার মাধ্যমে নাগরিকদের পাওয়ার কথা সেটা পাচ্ছে না। পুরসভার বোর্ড ভেঙেছে কিন্তু এখনও আগের মতোই চলছে। সেই কারণে আমরা পুরসভায় এসেছি প্রশাসকের সঙ্গে কথা বলতে।’

বন্যাকবলিত ঘাটালে নিজেই ত্রাণ পৌঁছলেন বিধায়ক

নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: বন্যাকবলিত ঘাটালে নিজেই ডিঙি চালিয়ে কর্মীদের সঙ্গে নিয়ে জলবন্দি মানুষের বাড়ি বাড়ি পৌঁছে ত্রাণসামগ্রী বিতরণ করলেন ঘাটালের বিজেপি বিধায়ক শীতল কপাট। ঘাটাল পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের নিশ্চিন্দীপুর এবং ১০



নম্বর ওয়ার্ডের গড়প্রতাপনগর এলাকায় ডিঙি নিয়ে পৌঁছে বন্যাদুর্গত মানুষের হাতে ত্রিপল-সহ বিভিন্ন ত্রাণসামগ্রী তুলে দেন বিধায়ক। জলমগ্ন এলাকায় গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলে তাঁদের সমস্যার কথাও শোনেন। জলবন্দি অবস্থায় বিধায়ককে কাছে পেয়ে খুশি বন্যাদুর্গত এলাকার বাসিন্দারাও। দুর্যোগের সময় তাঁদের পাশে দাঁড়িয়ে ত্রাণ পৌঁছে দেওয়ার এই উদ্যোগে কিছুটা হলেও স্বস্তি পেলেন বানভাসি মানুষজন।

কাঁচা কলা তাড়াতাড়ি পাকিয়ে দিতে বিষাক্ত কেমিক্যাল ব্যবহার!

নিজস্ব প্রতিবেদন, হুগলি: তারকেশ্বরে কাঁচা কলা তাড়াতাড়ি পাকিয়ে দিতে এবং বেশ কিছু দিন সতেজ রাখতে ব্যবহার করা হচ্ছে বিষাক্ত কেমিক্যাল। স্বাস্থ্যকর খাবার খাওয়ার কথা ভাবছেন অনেকেই। কিন্তু তাতেও যে বিপদ। এবার কলাতেও মিলল বিষ! কলা বিক্রেতাদের বাড়িতে হানা দিয়ে এমনই ভয়ঙ্কর কেমিক্যাল পেলেন খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকরা।

তারকেশ্বরের বৈদ্যপুর চৌমাথা এলাকায় বেশ কয়েকজন কলা ব্যবসায়ীর বাড়িতে হানা দেন খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকরা। কলা ব্যবসায়ীদের কাছ থেকে জানতে চাওয়া হয়, কাঁচা কলা তাঁরা পাকান কীভাবে? তখনই কেমিক্যালের বোতল খুঁজে পান খাদ্য সুরক্ষা দফতরের আধিকারিকরা। কলা বিক্রেতাদের বিষাক্ত কেমিক্যাল ব্যবহার দেখে হকচকিয়ে যান আধিকারিকরাও।

মূলত কাঁচা কলা বা কোনও ফল পাকাতে ইথানিল গ্যাস ব্যবহার করা হয় এবং তা নির্দিষ্ট নিয়মের মধ্যেই পাকানো হয়। ফল পাকাতে অন্য কোনও কেমিক্যাল এবং কার্বাইড ব্যবহার পুরোপুরি নিষিদ্ধ। শুধুমাত্র ইথানিল সঠিক নিয়ম মেনে ব্যবহার করে কলাপাকানোর ক্ষেত্রে খাদ্য সুরক্ষা দপ্তরের ছাড়পত্র আছে। কিন্তু সেই নিয়ম আর মানা হচ্ছে কই? তারকেশ্বরের ওই কলা ব্যবসায়ীদের সঠিক নিয়ম মেনে কলা পাকানোর জন্য হাতেকলমে প্রশিক্ষণ নেওয়ার পরামর্শ দেওয়া হয় খাদ্য সুরক্ষা দপ্তরের পক্ষ থেকে। খাদ্য সুরক্ষা দফতরের আধিকারিক শুভজিৎ গাঙ্গুলি বলেন, ‘একদমই নিয়ম মেনে কলা পাকানো হচ্ছে না। ভীষণ আন-হাইজেনিক পদ্ধতিতে, ডেচকির মধ্যে জল নিয়ে তাতে কীটনাশক, কেমিক্যাল মিশিয়ে কলা পাকানো হচ্ছে। কয়েক ঘণ্টার মধ্যে কলা পেকে যাচ্ছে, সুন্দর রঙ আসছে। এগুলিই বাজারে যাচ্ছে। এই কলা খেলে মানুষের ক্ষতি হবে।’